

Date: 11/10/2021 (Page: B4)



Agriculture Minister Dr Md Abdur Razzaque speaks at a research review and programme formulation workshop of Bangladesh Agricultural Research Institute (BARI) in Gazipur on Sunday.

Razzaque stresses more research in agriculture

STAFF CORRESPONDENT

Agriculture Minister Dr Muhammad Abdur Razzaque emphasised the need for more researches to develop various weather resilient varieties of crops and technologies to meet the future food security challenges.

"There are many challenges in the country to maintain food security. Researchers-scientists have to work relentlessly to address this challenge," he said.

The minister said scientists in the respective government offices have to spend more time in work-place and quality research.

"Research hours should not be limited to 9:00-5:00 office hours. They should be engaged in more research," Dr Razzaque said.

The agriculture minister said

this while speaking as the chief guest at a research review and programme formulation workshop of Bangladesh Agricultural Research Institute (BARI) in Gazipur on Sunday.

He said the country should invent more varieties and production technologies for the farmers.

"We cannot sit idle after inventing a variety. Also it needs to be taken to the farmers quickly. In many cases it takes 8-10 years for the invented varieties and technology reach the farmers' level. It is not desirable at all. This gap of innovation and expansion needs to be reduced," the minister emphasised.

Earlier, the agriculture minister visited two newly established plant pathology and soil science labs and a technology exhibition stall.

During the visit, he said, "We do not have food shortage. We have surplus in stocks of various crops including potatoes, vegetables and fruits. We want to export these surplus crops to all over the world. Preparations are almost complete."

"In the last one year, the export of agricultural products has increased sharply," he said.

The minister said the certification of foods by the new labs will be accepted all over the world, which will help the exports increase further in the coming days.

BARI is currently conducting research activities on 211 crops.

During the time of the Awami League government from 2009-2021, BARI developed a total of 669 advanced technologies including 306 improved varieties and 363 technologies.

তারিখঃ ১১/১০/২০২১ (পৃঃ ০৩, ১৩)

দেশে দুর্ভিক্ষ হওয়ার কোনো আশঙ্কা নেই ■ কৃষিমন্ত্রী

■ গাজীপুর প্রতিনিধি

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, দেশে পর্যাপ্ত খাবার মজুদ আছে। চালের দাম কিছুটা বেড়েছে, কম বা সীমিত আয়ের মানুষের একটু কষ্ট হচ্ছে। কিন্তু দেশে দুর্ভিক্ষ হওয়ার কোনো আশঙ্কা নেই।

কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) 'কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২১'-এর উদ্বোধন অনুষ্ঠানে গতকাল রোববার ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা যোভাবে কাজ করে চলেছেন, তা জাতীয় ও আন্তর্জাতিকভাবে প্রশংসিত হচ্ছে। কৃষির সার্বিক উন্নয়ন ও আধুনিকায়নে এই প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। আমরা সবার কাছে খাবার পৌঁছে দিতে চাই।'

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল বলেন, আমরা গাজীপুরের মানুষ নিজেদের ভাগ্যবান মনে করি। কারণ, এখানে বারি ও ব্রিড মতো প্রতিষ্ঠান রয়েছে। এখানকার বিজ্ঞানীরা ফসলের বিভিন্ন উচ্চফলনশীল জাত আবিষ্কারের পাশাপাশি ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

দেশে দুর্ভিক্ষ হওয়ার কোনো আশঙ্কা নেই

[তৃতীয় পৃষ্ঠার পর]

বিভিন্ন আধুনিক প্রযুক্তি আবিষ্কার করছেন। আজ কৃষিতে যেখানে শ্রমিকের অভাব, সেখানে তারা বিভিন্ন আধুনিক প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে সে সংকটের সমাধানে কার্যকর ভূমিকা পালন করে চলেছেন।

অনুষ্ঠানে জানানো হয়, কৃষি গবেষণা ইনস্টিটিউটে বর্তমানে ২১১টি ফসল নিয়ে গবেষণা কার্যক্রম চলমান। ইতোমধ্যে বারি ১৩৪টি ফসলের ৬০২টি উচ্চফলনশীল (হাইব্রিডসহ), রোগ প্রতিরোধক্ষম ও বিভিন্ন প্রতিকূল পরিবেশ প্রতিরোধী জাত এবং ৫৯২টি উন্নত উৎপাদন প্রযুক্তিসহ মোট এক হাজার ১৯৪টি প্রযুক্তি উদ্ভাবন করেছে। বর্তমান কৃষিবান্ধব সরকারের শাসনামলে বারি ৩০৬টি উন্নত জাত, ৩৬৩টি প্রযুক্তিসহ মোট

৬৬৯টি উন্নত প্রযুক্তি উদ্ভাবন করেছে। এসব প্রযুক্তি উদ্ভাবনের ফলে দেশে তেলবীজ, ডালশস্য, আলু, গম, সবজি, মসলা এবং ফলের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এসব প্রযুক্তির উপযোগিতা যাচাই-বাছাই ও দেশের বর্তমান চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবনের কর্মসূচি গ্রহণ করাই এ কর্মশালার প্রধান উদ্দেশ্য।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাজিরুল ইসলাম। এ ছাড়া বক্তব্য দেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মেসবাহুল ইসলাম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান ড. জহুরুল করিম প্রমুখ।